৪. ‘কৃষ্ণকান্তের উইল’ প্রথম কবে প্রকাশিত হয়? ‘কৃষ্ণকান্তের উইল’ গ্রন্থটির নামকরণ যথার্থ— এ মন্তব্য গ্রহণযোগ্য কিনা আলোচনা করো। ১+১৩=১৪

‘গ’-গুচ্ছ

৫. ‘লাল সালু’ উপন্যাসটি প্রথম কবে প্রকাশিত হয়? আধিপত্যকামী ক্ষমতা লিপ্সু মজিদ চরিত্রটি আলোচনা করো। ১+১৩=১৪

৬. ‘লাল সালু’ উপন্যাসের ইংরেজি অনুবাদের নাম উল্লেখ করো। এই উপন্যাসে জমিলার প্রতিবাদ যেমন তাৎপর্যপূর্ণ, তেমনি প্রাসঙ্গিক— বিশদ করো। ১+১৩=১৪

‘ঘ’-গুচ্ছ

৭. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের প্রথম ও সর্বশেষ গল্পগ্রন্থ দু’টির নামোল্লেখ করো। ‘প্রভাতকুমারের গল্পে কখনও কৌতুক আবার কখনও বিষাদের ছায়ায় জীবনের অন্তর্লীন যে সত্যরূপ উদ্‌ঘাটিত হয়েছে তা চিরকালের।’ তোমার পঠিত গল্পের নিরিখে আলোচনা করো। ২+১২=১৪

৮. ‘দেবী’ গল্পের আখ্যানভাগ প্রভাতকুমার কার কাছ থেকে পেয়েছেন? সমাজের নানা আচারে মানুষের মন যেভাবে বন্দি, ‘দেবী’ গল্পের কাহিনি তারই সমালোচনা’— বক্তব্যটি আলোচনা করো। ১+১৩=১৪

‘ঙ’-গুচ্ছ

৯. জগদীশ গুপ্ত রচিত প্রথম গল্প সংকলনের নাম উল্লেখ করো। ‘‘জগদীশ গুপ্তের ‘দিবসের শেষে’ গল্পটিতে নিয়তিবাদের নিঃশব্দ পদসঞ্চার লক্ষ করা যায়।’’— মন্তব্যটি বিশদ করো। ১+১৩=১৪

১০. জগদীশ গুপ্ত রচিত একটি উপন্যাসের নাম উল্লেখ করো। জগদীশ গুপ্তের ‘কলঙ্কিত সম্পর্ক’ গল্পটি নারীবাদী দৃষ্টিভঙ্গি থেকে বিশ্লেষণ করো। ১+১৩=১৪

*****

PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGCC-202 (O)

(বাংলা কথাসাহিত্য-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

‘ক’-গুচ্ছ

১. ‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ‘‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটিতে সমকালীন সমাজ-জীবনের বাস্তব চিত্র পরিবেশিত হয়েছে’— আলোচনা করো। ১+১৩=১৪

২. প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম উল্লেখ করো। ‘‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থে লেখক নারীচরিত্রগুলোকে গুরুত্বপূর্ণ করে চিত্রিত করতে চাইলেও তারা রয়ে গেছে কাহিনির নেপথ্যে’— আলোচনা করো। ১+১৩=১৪

‘খ’-গুচ্ছ

৩. ‘কৃষ্ণকান্তের উইল’ কার নির্দেশে, কে চুরি করেছিল? রোহিনী চরিত্র নির্মাণে লেখকের একটা বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় নিহিত রয়েছে— পর্যালোচনা করো। ২+১২=১৪